

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৩৮

জম্পুইজলা, ০৫ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
দয়ারাম পাড়া ভিলেজে দু'দিনব্যাপী প্রশাসনিক শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে জম্পুইজলা ব্লকের দয়ারাম পাড়া ও মধ্য ঘনিয়ামারা ভিলেজে দু'দিনব্যাপী প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে জম্পুইজলা মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১১টি পিআরটিসি সুবিধাভোগীদের মধ্যে বিতরণ করা হয়। তাছাড়া ৩৯টি এসটি, ৩৯টি পিআরটিসি, ১১টি ইনকাম, ৮৮টি আধারকার্ড এবং ১৬টি ম্যারেজ সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়। বনদপুরের পক্ষ থেকে ৭৬ জনকে বিভিন্ন প্রজাতির গাছের চারা, শ্রমদপুরের পক্ষ থেকে এন এস জে পি প্রকল্পে ১০ জন, ই-শ্রম প্রকল্পে ৮ জন এবং পিএম-এস ওয়াই এস প্রকল্পে ৪ জনকে বিভিন্ন সুবিধা প্রদানের জন্য ফর্ম দেওয়া হয়। এছাড়া শিবিরে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৭৪ জনকে আয়ুস্মান কার্ড, ৭ জনকে আভা কার্ড দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৪৬টি পরিবারকে তাদের গৃহপালিত পশু-পাখির জন্য বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
